



স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৭.২৪১(পাট-২).২০.

তারিখ: ১০/৫/২০২৩ খ্রি।

বিষয়ঃ মাঠপর্যায়ে বস্তা গ্রহণ সম্পর্কিত নির্দেশনা।

সম্প্রতি লক্ষ্য করা যায় যে, মাঠপর্যায়ে খালি বস্তা সরবরাহের ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সাইলো অধীক্ষক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্যবস্থাপক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাসময়ে অবহিত থাকেন না, আবার কোন কোন কেন্দ্রে স্থানসংকট থাকায় বস্তা গ্রহণ করা সম্ভব না হওয়ায় কেন্দ্র পরিবর্তন করতে হচ্ছে। এ সকল ঘটনার পরিপ্রেক্ষিতে মাঠপর্যায়ে বস্তা গ্রহণ ও প্রত্যয়নপত্র প্রদান সম্পর্কিত নিম্নোক্ত নির্দেশ অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলোঃ

- (১) মাঠ পর্যায়ে বিভিন্ন এলএসডিতে দীর্ঘদিন থেকে অব্যবহৃত ৫০ কেজি ধারণক্ষম বস্তা তথ্য সংগ্রহ করে তা আসন্ন সংগ্রহ মৌসুমে ব্যবহারের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করে ব্যবহার করতে হবে এবং অধিদপ্তরকে অবহিত করতে হবে;
- (২) কোন জেলায় ৫০ কেজি ধারণক্ষম বস্তা বেশি থাকলে বোরো সংগ্রহ মৌসুমে/২০২৩ এর সম্ভাব্য ধানের বিভাজন অনুযায়ী এলএসডিসমূহে প্রয়োজনীয় বস্তা রেখে জেলার বিভিন্ন এলএসডিতে ভিজিডি ও খাদ্যবান্ধব ব্যতীত অন্যান্য খাতে সম্ভাব্য স্থানীয় বিলি বিতরণখাতে ৫০ কেজি বস্তায় বোরো'২৩ চাল সংগ্রহ করতে হবে;
- (৩) ই-জিপি সিস্টেমে যে সকল কেন্দ্রে বস্তার টেন্ডার প্রক্রিয়া আহবান করা হবে সে সকল কেন্দ্রের সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তাকে পূর্বেই লিখিতভাবে অবহিত করতে হবে;
- (৪) কোনো এলএসডি/সিএসডি-তে বস্তার খামাল গঠনের পর্যাপ্ত জায়গা না থাকলে সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রক পরামর্শ করে গুদামে খালি জায়গা সৃষ্টির জন্য উদ্যোগ গ্রহণ করবেন;
- (৫) চুক্তি অনুযায়ী নির্ধারিত কেন্দ্রে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক বস্তা সরবরাহের বাধ্যবাধকতা রয়েছে। তবে সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের ও পরিবহন ব্যয় সাশ্রয়কল্পে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক, নিজ জেলার মধ্যে কেন্দ্র পরিবর্তন করতে পারবে। সেক্ষেত্রে কেন্দ্র পরিবর্তনের কারণ উল্লেখপূর্বক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের মাধ্যমে মহাপরিচালকের নিকট লিখিত পত্র প্রেরণ করবেন। অতঃপর এবিষয়ে পরিচালক, সংগ্রহ বিভাগের সাথে আলোচনা ও নির্দেশনাক্রমে বস্তা সরবরাহকারী প্রতিষ্ঠানটিকে পত্র প্রদানের মাধ্যমে কেন্দ্র পরিবর্তনের জন্য অনুরোধ করতে পারবে;
- (৬) বস্তা সরবরাহের চুক্তি সম্পাদনের পরপরই অধিদপ্তর হতে সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সাইলো অধীক্ষক, জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তাগণকে বস্তার সংখ্যা ও সরবরাহের সম্ভাব্য তারিখ জানাতে হবে;
- (৭) প্রতিটি বস্তা সরবরাহকারীর সাথে সম্পাদিত চুক্তিরপত্র ও বস্তার বিনির্দেশের অনুলিপি সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক, জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের নিকট প্রেরণ করতে হবে;
- (৮) খাদ্যশস্যের জন্য নির্ধারিত একটি আদর্শ খামালের জায়গায় অন্তত ৪ (চার) স্তরে বস্তার আদর্শ খামাল গঠন করতে হবে। বস্তার বেলসমূহ $৮ \times ১১ = ৮৮$ বেল $\times ৩০০$ পিস = $২৬,৪০০$ পিস $\times ৪$ লেয়ার = $১,০৫,৬০০$ পিস, হিসেবে গঠন করা যেতে পারে।
- (৯) বস্তা সরবরাহকারী কর্তৃক ৭২ ঘন্টা পূর্বে টেলিফোনে বস্তা সরবরাহের বিষয়ে সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্যবস্থাপক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাকে জানিয়ে দিবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বস্তা গ্রহণকালে কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক শ্রমিকের ব্যবস্থা গ্রহণ করবেন;

(১০) কোন কেন্দ্রে নির্ধারিত বিনির্দেশের বস্তা গ্রহণশেষে কমিটি কর্তৃক দ্রুত বস্তার প্রত্যয়নপত্র বস্তা সরবরাহকারীকে প্রদান করতে হবে। কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে বস্তা সরবরাহকারীর নিকট প্রত্যয়নপত্র দেওয়া সম্ভব না হলে সংশ্লিষ্ট কমিটির সভাপতি নিজ দায়িত্বে ১০(দশ) দিনের মধ্যে উক্ত প্রত্যয়ন পত্র পরিচালক, সংগ্রহ বিভাগের নিকট প্রেরণ করবেন;

উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

- প্রাপক: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সকল।
২। সাইলো অধীক্ষক, সকল।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৭.২৪১(পাট-২).২০.


সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সকল।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়কে সদয় অবহতির জন্য)।
- ৭। অফিস কপি।

স্বাঃ

রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক(ভারপ্রাপ্ত)
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

তারিখ: ২৬/০৫/২০২৩ খ্রি।



পরিচালক(ভারপ্রাপ্ত)
সংগ্রহ বিভাগ

